

মার্চ/২০২৫ প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভার সভাপতি :- প্রশাসক
উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।
স্থান :- উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ :- ২৩/০৩/২০২৫ খ্রি.
সময় :- ১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট “ক” সদয় দ্রষ্টব্য

সভার প্রারম্ভে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয় অধ্যকার সভা পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে উপজেলা শিক্ষা কর্মকর্তা সভার কার্যক্রম পরিচালনা করেন।

আলোচনা ০১ঃ-

উপজেলা শিক্ষা কর্মকর্তা আলোচনার শুরুতেই বলেন যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্প হতে দিরাই উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচু-নিচু বেধে সরবরাহ করা হয়েছে। এতে করে শিক্ষার্থীদের সুবিধাজনক বসার পরিবেশ তৈরি হওয়ায় শিক্ষার্থীরা দীর্ঘ সময় স্বাস্থ্যন্যে ক্লাস করতে পারছে। দীর্ঘ সময় ক্লাস করার ফলে শিক্ষার্থীদের কোমর, ঘাড় ও পিঠের ব্যথা হ্রাস পেয়েছে। লেখাপড়ায় মনোযোগ বৃদ্ধি পেয়েছে, কারণ আরামদায়ক আসন শিক্ষার্থীদের মনোসংযোগ বজায় রাখতে সহায়তা করেছে। দৃষ্টিশক্তি সুরক্ষা পেয়েছে, কারণ বেঞ্চের উচ্চতা অনুযায়ী বই ও খাতার অবস্থান ঠিক থাকছে। বিদ্যালয়ের শৃঙ্খলা ও সৌন্দর্য বৃদ্ধি পেয়েছে, যা শিক্ষার পরিবেশকে আরো আনন্দদায়ক করেছে।

এছাড়া কমিটি মনে করে যে এই উদ্যোগ অন্যান্য বিদ্যালয়ে বিস্তৃত করা উচিত এবং নিয়মিত রক্ষণাবেক্ষণের মাধ্যমে দীর্ঘস্থায়ী ব্যবহার নিশ্চিত করতে হবে।

আলোচনা ০২ঃ-

২নং আলোচনায় সভায় বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের স্ব-স্ব এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সঠিক তদারকি করার পরামর্শ প্রদান করেন এবং এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

প্রশাসক
উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ
ও
সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি
উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ।

পরিশিষ্ট “ক”ঃ

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (হাজিরা মোতাবেক রেজিস্টারে সংরক্ষিত)

ক্রমিক নং	পদবী ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
১.	প্রশাসক, উপজেলা পরিষদ, দিরাই, সুনামগঞ্জ	সভাপতি	
২.	চেয়ারম্যান, জগদল ইউপি, দিরাই, সুনামগঞ্জ	সদস্য	
৩.	চেয়ারম্যান, রফিনগর ইউপি, দিরাই, সুনামগঞ্জ	সদস্য	
৪.	তাড়ল ইউ/পি, দিরাই, সুনামগঞ্জ	সদস্য	
৫.	উপজেলা শিক্ষা কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ	সদস্য সচিব	